



নাচোল উপজেলা পরিষদের ৩৯তম সভার কার্যবিবরণী :

সভার তারিখ	:	৩১.০৭.২০২২ খ্রি.
সময়	:	সকাল ১০.৩০ মি.
স্থান	:	উপজেলা পরিষদ সভা কক্ষ
সভাপতি	:	মোহাঃ আব্দুল কাদের চেয়ারম্যান উপজেলা পরিষদ নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য



সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ৩০.০৬.২০২২খ্রিঃ তারিখের ৩৮তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং নিম্নোক্ত সংশোধনসহ তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>প্রকৌশল বিভাগ :</p> <p>উপজেলা প্রকৌশলী, নাচোল জানান যে, (ক) (i) উপজেলা পরিষদের গত ২৭.০১.২২খ্রি. তারিখের ৩৩তম সভায় উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত 'নাচোল ইউনিয়নের পীরপুর ইলিয়াসের বাড়ীর পার্শ্বে রাস্তায় বঙ্গ কালভার্ট নির্মাণ' প্রকল্পটি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন।</p> <p>(ii) উপজেলা প্রকৌশল কার্যালয়ের ল্যাব গঠনের জন্য প্রশাসনিক ভবনে একটি কক্ষ প্রয়োজন।</p> <p>(iii) ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে যেসকল প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে সেগুলো বাস্তবায়নের প্রক্রিয়া চলমান রয়েছে।</p> <p>(iv) ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন তহবিলের বিপরীতে অনুমোদিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে।</p> <p>(খ) স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নাচোল উপজেলায় ৩য় পর্যায় (২০১৮-১৯) অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (INF-২০১৮-১৯-৫০৭০৫৬-০১) প্রকল্পঃ নাচোল উপজেলাধীন নেজামপুর ইউনিয়নের নেজামপুর উচ্চ বিদ্যালয়, কসবা ইউনিয়নের শিবপুর ম্যালভাসা দাখিল মাদ্রাসা, নাচোল ইউনিয়নের বাথরাইল নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও ফতেপুর ইউনিয়নের মাধবপুর উচ্চ বিদ্যালয়ে ১টি করে নতুন শ্রেণী কক্ষ নির্মাণ কাজ ড্রইং-ভিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন করে ঠিকাদারী প্রতিষ্ঠান ভ্যাট-ট্যাক্সসহ ৪০,২২,৩৪৭.০০ (চল্লিশ লক্ষ বাইশ হাজার তিনশত সাতচল্লিশ) টাকার বিল দাখিল করেছে যাহা অত্র সভায় অনুমোদন করা প্রয়োজন।</p> <p>(গ) তিনি সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের ২১তম সভায় গৃহীত স্কীমসমূহের মধ্যে কিছুসংখ্যক স্কীম উপজেলা পরিষদের ৩২তম সভায় বাতিল করা হয়েছিল। কিন্তু উক্ত কাজগুলো সম্পন্ন করার জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার-এর অনুমোদনক্রমে টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে কার্যাদেশ প্রদান করা হয়। যেহেতু ঠিকাদারগণ কার্যাদেশ মোতাবেক কাজগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করেছেন। সেহেতু উক্ত কাজের বিলগুলো প্রদান করার প্রদান করা জরুরী।</p> <p>এছাড়া অফিস চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যাপারে তিনি গুরুত্বারোপ করেন এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে জানান।</p>	<p>(ক) উল্লেখিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে আলোচনানুযায়ী কাজগুলো দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ জানানো হয়। সে সাথে ল্যাবের জন্য ৪র্থ তলায় একটি কক্ষ বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাতে ঠিকাদারের বিলটি অনুমোদন ও প্রকল্পের টাকা অফিসে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদের ৩২তম সভায় বাতিলকৃত স্কীমসমূহ যেহেতু টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে ঠিকাদারগণ কার্যাদেশ মোতাবেক কাজগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করেছেন, সেহেতু উক্ত কাজের বিলগুলো প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল</p>

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</p> <p>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল-এর প্রতিনিধি প্রথমেই নাচোল উপজেলার করোনা পরিস্থিতি সম্পর্কে সভাকে অবহিত করেন। কোভিড ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
<p>কৃষি বিভাগঃ</p> <p>উপজেলা কৃষি অফিসার, নাচোল সভায় জানান যে, এ বছর বৃষ্টিপাত কম হওয়ায় কৃত্রিম সেচের মাধ্যমে চাষাবাদ করতে হচ্ছে। তাছাড়া সারের সংকটও রয়েছে। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার, নাচোল
<p>যুব উন্নয়ন বিভাগঃ</p> <p>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, বিগত অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণের পরিমাণ- ৯৬০৯ জন। বিগত অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৮২ জনকে ২৭,৯৮,০০০/- টাকা ঋণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণের পরিমাণ- ৫,১৭,৮২,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ- ৪,৮৪,২১,৭৮৯/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়কৃত আসল- ৪,৮৪,২১,৭৮৯/- টাকা। আদায়ের হার ১০০%। এছাড়া ২০২২-২৩ অর্থ বছরে বিভিন্ন ট্রেডে ৪২০ জনকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ১২০জনকে ৩২,৬০,০০০/- টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ মাসে ১০জনকে যুব ঋণ প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
<p>সমবায় বিভাগঃ</p> <p>উপজেলা সমবায় অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>	-	-
<p>প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ</p> <p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নাচোল-এর প্রতিনিধি সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল
<p>সমাজসেবা বিভাগঃ</p> <p>উপজেলা সমাজসেবা অফিসার, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>	-	-
<p>মহিলা বিষয়ক বিভাগঃ</p> <p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ০৪টি ইউনিয়নে মোট ১৭২৯ জন উপকারভোগী মহিলা কে "ভিডলিউবি" কান্ড প্রদান করা হয়। (কসবা-৪৩৯, ফতেপুর-৪২৮, নাচোল-৪৪১, নেজামপুর-৪২১)। ২০২১-২০২২ অর্থ বছরে নাচোল পৌরসভায় কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ৫২জন মহিলাকে গর্ভবর্তী ভাতা প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে মহিলাদের জন্য আয়বর্ধকমূলক কর্মসূচি (আইজিএ) প্রকল্পের আওতায় ফ্যাশন ডিজাইন ট্রেডে ৫০জন ও ক্রিয়াল শোপিচ ট্রেডে ৫০ জন করে (প্রতিবাচ্যে মোট ১০০ জন) তিন ব্যাচে ৩০০জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে মহিলাদের আয়কর্ম সংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় ১৬ জন মহিলা কে ১৫,০০০/- টাকা করে মোট ২,৪০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় নাচোল উপজেলার ০৪টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভায় মোট ০৫ টি ক্লাবে (৩০×৫) মোট ১৫০জন শিক্ষার্থী কে সংগীত ও আবৃত্তির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে বাল্য বিবাহ এর বিষয়ে ১৫ টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে মানব পাচার এর বিষয়ে ১০ টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে শিশু শ্রম এর বিষয়ে ১০টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়।</p> <p>তিনি আরও জানান যে, অফিসের পয়ঃনিকাশন ব্যবস্থা খুব খারাপ অবস্থায় রয়েছে ও অফিসের পেছনের অংশ নোংরা হওয়ায় অফিসে কাজের পরিবেশ নষ্ট হচ্ছে। তিনি অফিসের টয়লেটের লাইন মেরামতসহ অফিসের পেছনের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া উক্ত বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সে সাথে মহিলা বিষয়ক অফিসের টয়লেটের লাইন মেরামতসহ অফিসের পেছনের এলাকা পরিষ্কার করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় জুন/২২ মাসের কার্যক্রম পেশ করেনঃ মোট সক্ষম দম্পতির সংখ্যা : ৩৪৮৬২ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী : ২৮৩৭৮ জন; পদ্ধতি গ্রহণকারীর হার : ৮১.৪০%, চলতি মাসে স্থায়ী : পুরুষ ০০ জন, মহিলা ১৩ জন, মোট = ১৩জন; মা ও শিশুর স্বাস্থ্য সেবাঃ গর্ভবতী পরিচর্যা ৩২৬ জন, গর্ভোত্তর পরিচর্যা ১০৮ জন, শিশুর পরিচর্যা ৩২৫ জন, সাধারণ রোগী ২২১১ জন।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।</p>
<p>আনসার ও ডিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, নাচোল</p>
<p>পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, ২০২২-২০২৩, আর্থিক ৫.০০ লক্ষ, সদাবিক ১০.৮৮ লক্ষ টাকা সহ মোট ১৫.৮৮ লক্ষ টাকা ঋণ বিতরণ হয়েছে এবং চলতি অর্থ বছরে ব্যাংক ঋণ, অপ্রধান শস্য প্রকল্প, বীর মুক্তিযোদ্ধা প্রকল্প এবং প্রধানমন্ত্রীর বিশেষ প্রণোদনা থেকে ঋণ বিতরণ করা হয় নাই। চলতি অর্থ বছরে আদায় করা হয়েছে ৯.১৮ লক্ষ টাকা। বিতরণ ও আদায় সন্তোষজনক। পিআরডিপি-৩ প্রকল্পে ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ সাপেক্ষে স্কীম বাস্তবায়ন করা হবে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।</p>
<p>মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাচোল</p>
<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল সভায় জানান যে, ০১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের BMWSSP প্রকল্পের আওতায় নাচোল পৌরসভায় ৪.৩৮৮ কিলোমিটার ড্রেনের নির্মাণ কাজের বরাদ্দ পাওয়া গিয়েছিলো। ড্রেনের নির্মাণ করা হবে উপজেলার ইসলামপুর মোড়-বাস স্ট্যান্ড মোড় পর্যন্ত, বাস স্ট্যান্ড মোড় থেকে মুরাদপুর খাঁড়ি পর্যন্ত এবং টিএন্ডটি অফিস থেকে খাদ্য গুদাম হয়ে রেলপাইনের ধার দিয়ে বাপ্তা খাঁড়ি পর্যন্ত। ইতোমধ্যে বাসস্ট্যান্ড মোড় থেকে মুরাদপুর খাঁড়ি অংশের কাজ ৯০% এবং টিএন্ডটি অফিস থেকে খাদ্য গুদাম অংশের কাজ ৫০% সম্পন্ন হয়েছে। এছাড়াও অত্র প্রকল্পের আওতায় খাবার পানি সরবরাহের জন্য ০৪ টি গভীর নলকূপ স্থাপন কাজ ৮০% সম্পন্ন হয়েছে। বাকি কাজ চলমান রয়েছে। ০২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের PSWSC প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে ১৮ টি কমিউনিটি পানি সরবরাহ ইউনিটের বরাদ্দ পাওয়া গিয়েছিল। প্রতিটি পানি সরবরাহ ইউনিটের আওতায় ০৮ থেকে ১০ পরিবারের জন্য নিরাপদ বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হবে। মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে।</p> <p>এছাড়াও ২০২২-২০২৩ অর্থবছরের নাচোল উপজেলাই ১০৪ টি (প্রতি ইউনিয়ন ২৬ টি) মিনি ওয়াটার সাপ্লাই ইউনিট এর বরাদ্দ পাওয়া গেছে। যেগুলো মাননীয় সংসদ সদস্যর মাধ্যমে ৫০% এবং বাকি ৫০% উপজেলা ও ইউনিয়ন WATSAN কমিটির মাধ্যমে বিভাজন করা হবে। কমিটি হতে প্রাপ্ত স্থান তালিকায় অন্তর্ভুক্ত উপকারভোগীদের নিকট থেকে সহায়ক টাকা হিসেবে উৎস প্রতি সাত হাজার (৭০০০/-) টাকা সোনালী ব্যাংক এর মাধ্যমে A-Chalan (এ-চালান) করে জমা নেয়া হবে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল</p>


 

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>০৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের "মানব সম্পদ উন্নয়নে পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্য বিধি প্রকল্পের" আওতায় ইউনিয়ন পর্যায়ে ০২ টি পাবলিক টয়লেট বরাদ্দ পাওয়া গিয়েছিল। যা WATSAN কমিটির মাধ্যমে আলোচনা করে কসবা ইউনিয়নের কাজলা বাজার ও গোলাবাড়ি বন্ধুজাঙ্গ এ নির্মাণাধীন।</p> <p>এছাড়াও ২০২১-২০২২ অর্থবছরের নাচোল উপজেলায় ২০ টি (ইউনিয়ন পর্যায়ে) ওয়াটার সাপ্লাই স্কিম এর বরাদ্দ পাওয়া গেছে। যোগুলার প্রতিটি থেকে ২০-৪০ টি পরিবার নিজ বাড়িতে পানির হাউজ কানেকশন নিতে পারবে। স্কিম গুলি উপজেলা ও ইউনিয়ন WATSAN কমিটির মাধ্যমে বিভাজন করা হয়েছে। কমিটি হতে প্রাপ্ত স্থান তালিকায় অন্তর্ভুক্ত উপকারভোগীদের নিকট থেকে সহায়ক টাকা হিসেবে উৎস প্রতি দশ হাজার (১০,০০০/-) টাকা সোনালী ব্যাংক এর মাধ্যমে A-Chalan (এ-চালান) করে জমা নেয়া হবে।</p>		
<p>০৪। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের" আওতায় ইউনিয়ন পর্যায়ের পানির উৎস সমূহে ফ্রি অর্থে আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম চলমান রয়েছে। ৩০/০৭/২০২২ খ্রিঃ পর্যন্ত ৫৫৭৫ টি পানির উৎস সমূহে আর্সেনিক স্ক্রিনিং করা হয়েছে, যার মধ্যে ০৪ টি পানির উৎস সমূহে মাত্রাতিরিক্ত আর্সেনিক সনাক্ত হয়েছে। এখন পর্যন্ত নাচোল উপজেলা আর্সেনিক সংক্রমণ এ নিরাপদ অবস্থানে রয়েছে। এছাড়া উক্ত বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>		
<p>শিক্ষা বিভাগ :</p> <p>উপজেলা শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের দাঙ্গরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তবে অফিসের পর্যায়নিষ্কাশন ব্যবস্থা খুব খারাপ অবস্থায় রয়েছে ও অফিসের পেছনের অংশ নোংরা হওয়ায় অফিসে কাজের পরিবেশ নষ্ট হচ্ছে। তিনি অফিসের টয়লেটের লাইন মেরামতসহ অফিসের পেছনের অংশ পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সে সাথে শিক্ষা অফিসের টয়লেটের লাইন মেরামতসহ অফিসের পেছনের অংশ পরিষ্কার করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল ও উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।</p>
<p>প্রাণীসম্পদ বিভাগ:</p> <p>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>		
<p>মাধ্যমিক শিক্ষা বিভাগ :</p> <p>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল</p>
<p>বিএমডিএ বিভাগ:</p> <p>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন সভায় খুব উৎসাহের সাথে জানান যে, এ বছর বর্ষা মৌসুমে এখন পর্যন্ত মাত্র ১৫০মি.মি. বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। যা চাষাবাদের জন্য খুবই কম। গভীর নলকূপের পানি দিয়ে সেচ কার্যক্রম চালানোর চেষ্টা করা হলেও বিদ্যুতের লোডশেডিং ও কম ভোল্টেজের জন্য সেটাও পুরোপুরি সম্ভব হচ্ছে না। এছাড়া উক্ত বিভাগের দাঙ্গরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>সহকারী প্রকৌশলী, বিএমডিএ</p>
<p>খাদ্য বিভাগ :</p> <p>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল সভায় জানান যে, ইতোমধ্যে সরকারীভাবে চাল সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।</p>
<p>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) বিভাগ:</p> <p>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।</p>		

আলোচনা				সিদ্ধান্ত		বাস্তবায়নে	
পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, নাচোল-এর প্রতিনিধি সভায় জানান যে, সারা দেশের ন্যায় এ উপজেলায় জনসুমারি ও গৃহগণনা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া দাঙ্গারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।				সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।		উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাচোল	
বন বিভাগঃ উপজেলা বন কর্মকর্তা, নাচোল সভায় জানান যে, নার্সারিতে বিভিন্ন প্রজাতির ৩০০০টি চারা রয়েছে। উপজেলা পরিষদ থেকে স্থান নির্বাচন করা হলে সেগুলো রোপন করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।				সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।		উপজেলা বন কর্মকর্তা, নাচোল	
পল্লী সঞ্চয় ব্যাংকঃ উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।				সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।		উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল	
পল্লী বিদ্যুৎ বিভাগঃ ডিজিএম, নাচোল পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, এ পর্যন্ত প্রায় তালিকা অনুযায়ী আশ্রয়ণ প্রকল্পের বাড়ীগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট বাড়ীর তালিকা প্রদান করা হলে শীঘ্রই সংযোগ প্রদান করা হবে। এছাড়া উক্ত বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।				সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।		ডিজিএম, নাচোল পল্লী বিদ্যুৎ	
তথ্য আপা প্রকল্পঃ তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল সভায় অনুপস্থিত থাকায় উক্ত বিভাগের আলোচনা করা সম্ভব হলো না।							
বিবিধঃ ১। মেয়র, নাচোল পৌরসভা সভায় জানান যে, নাচোল বাসস্ট্যান্ড মোড়ে মোঃ রেজাউল করিম বাবু নামে এক ব্যক্তি অবৈধভাবে পৌরসভার অনুমোদন ব্যতিরেকে ভবন নির্মাণ করছে। একাধিকবার নোটিশ প্রদান করা হলেও নোটিশের তোয়াক্কা না করেই কাজ চলমান রেখেছে। সে সাথে ভবন নির্মাণের মালামাল দ্বারা রাস্তার অর্ধেক অংশ ঘিরে রেখেছে। যার ফলে রাস্তায় যান চলাচলে বিঘ্ন ঘটছে, যে কোন সময় দুর্ঘটনাও ঘটতে পারে। তিনি এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অবহিত করেন।				এ বিষয়ে সরেজমিন তদন্তের পর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।		উপজেলা নির্বাহী অফিসার, নাচোল	
২। উপজেলা চেয়ারম্যান, নাচোল সভায় জানান যে, নাচোল উপজেলা পরিষদের গত ১৬.০৩.২২খ্রি. তারিখের ৩৫তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি উপজেলার মালিকানাধীন দোকান ঘরের ভাড়া পুনর্নির্ধারণের সন্ধ্যাব্যতা যাচাইয়ের লক্ষ্যে উপজেলা সংলগ্ন মার্কেট, নাচোল নিউ মার্কেট, সোনাইচড়ী হাট মার্কেট ও হাটবাকইল মার্কেট সরেজমিনে পরিদর্শন করে নিম্নলিখিত বিবরণ ও মতামত দাখিল করেনঃ বেশীরভাগ দোকান ঘরই বরাদ্দ গ্রহণকারীগণ অন্যান্যজনকে ভাড়া প্রদান করেছেন এবং বর্তমান ভাড়া প্রায় বিন্যমান ভাড়ার থেকে ৮/১০ গুণ বেশী। এছাড়া অধিকাংশ মার্কেটে পাবলিক টয়লেট নেই। দোকানের প্রাসটার খসে পড়ছে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এমতাবস্থায় দোকান ঘর সংস্কারসহ মূল বরাদ্দ গ্রহণকারীদের নতুনভাবে অগ্রিম জমা ও বর্তমান বাজারমূল্য বিবেচনায় রেখে দোকান ভাড়া নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা যেতে পারে।				এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ (ক) বর্ণিত দোকানঘরগুলো সরেজমিন পরিদর্শন করে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নাচোল-কে অনুরোধ জানানো হয়। (খ) নিম্নোক্ত তালিকা অনুযায়ী বর্ণিত দোকানঘরগুলোর ভাড়া নির্ধারণ করা হয়।		উপজেলা পরিষদ, নাচোল ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল	
ক্রঃ	মার্কেটের নাম	বর্তমান ভাড়া	প্রস্তাবিত ভাড়া	ক্রঃ	মার্কেটের নাম	পুনর্নির্ধারিত ভাড়া	
১.	পরিষদ সংলগ্ন মার্কেট	১৫০-২০০ টাকা	১০০০-১৫০০ টাকা	১.	পরিষদ সংলগ্ন মার্কেট	১০০০/-	
২.	নাচোল নিউ মার্কেট	২০০-৩০০ টাকা	১০০০-২০০০ টাকা	২.	নাচোল নিউ মার্কেট	১০০০/-	
৩.	হাটবাকইল মার্কেট	১৫০-২০০ টাকা	৫০০-১০০০ টাকা	৩.	হাটবাকইল মার্কেট	৫০০/-	
৪.	সোনাইচড়ী মার্কেট	১৭৫ টাকা	৫০০-৮০০ টাকা	৪.	সোনাইচড়ী মার্কেট	৫০০/-	

আলোচনা				সিদ্ধান্ত	বাস্তবায়নে
<p>৩। উপজেলা চেয়ারম্যান, নাচোল সভায় আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসার-এর সরকারি বাসভবনটি এ উপজেলায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার যোগদান করায় মেরামত করা প্রয়োজন। প্রকৌশল বিভাগের প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক উক্ত ভবনটি মেরামত করতে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। যা নিম্নোক্ত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যায়। তিনি এ বিষয়ে সভায় প্রস্তাব উপস্থাপন করেন।</p>				<p>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা নির্বাহী অফিসার-এর বাসভবনটি উপজেলা রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত উপখাত থেকে উল্লেখিত পিআইসি কমিটির মাধ্যমে মেরামতের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী, নাচোল</p>
ক্রঃ	নাম	পরিচয়	পদবী		
০১	মোঃ জাহাঙ্গীর নাইম মুন্নি	মহিলা ভাঃ চেয়ারম্যান	সভাপতি		
০২	মোঃ মশিউর রহমান	ভাইস চেয়ারম্যান	সেক্রেটারী		
০৩	মোঃ আকতারুল আলম	গণ্যমান্য ব্যক্তি	সদস্য		
০৪	মোঃ মাসুদুর রহমান	মৌলভী	সদস্য		
০৫	মোঃ কামরুজ্জামান	গণ্যমান্য ব্যক্তি	সদস্য		
০৬	মোঃ সোহেল	সমাজ কর্মী	সদস্য		
<p>৪। দোকান ঘরের মালিকানা পরিবর্তন : উপজেলা চেয়ারম্যান, নাচোল সভায় আরও জানান যে, এ উপজেলা পরিষদের মালিকানাধীন কিছু দোকান ঘরের ভাড়া গ্রহীতার নাম পরিবর্তনের মোট ৬টি আবেদন পাওয়া গিয়েছে। নাচোল নিউ মার্কেটের আবেদনকারীগণঃ (i) মোঃ মজিবুর রহমান, পিতা- মৃত কালু শেখ, গ্রাম- নাচোল বাজার, ডাক+উপজেলাঃ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ (দোকান নং- ১৭ ও ১৮); (ii) শ্রী সঞ্জয় কুমার সরকার, পিতা- শ্রী শংকর চন্দ্র সরকার, গ্রাম- নাচোল বাজার, ডাক+উপজেলাঃ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ (দোকান নং- ১১); (iii) মোঃ পলি বেগম, স্বামী- মোহাঃ আলাউদ্দিন, গ্রাম- নাচোল বাজার পাড়া, ডাক+উপজেলাঃ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ (দোকান নং- ১৫); (iv) মোঃ কামাল হোসেন, পিতা- মোঃ রবু বিশ্বাস, গ্রাম- নাচোল বাজার পাড়া, ডাক+উপজেলাঃ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ (দোকান নং- ১৪); (v) উপজেলা পরিষদ সংলগ্ন মার্কেটের আবেদনকারীঃ ওয়াজির হোসেন, পিতা- মোঃ ইয়াশিন, গ্রাম- প্রফেসর পাড়া, ডাক+উপজেলাঃ নাচোল, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ (দোকান নং- ০৪)। দোকান ঘরগুলো বর্তমান ব্যবহারকারীর নামে বরাদ্দ প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করা প্রয়োজন।</p>				<p>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর নাচোল নিউ মার্কেট ও উপজেলা পরিষদ সংলগ্ন মার্কেটের গ্রাণ্ড নাম পরিবর্তনের আবেদনগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা পরিষদ, নাচোল ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নাচোল</p>

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 12/08/22
 (মোহাঃ আব্দুল কাদের)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

পাতা নং-৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০৫৬.০০০.০৫.০৮০.২২-৪৭/১(৪০)

তারিখ : ৩১.০৭.২০২২ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৪৪ চাঁপাইনবাবগঞ্জ-২ ও উপদেষ্টা, নাচোল উপজেলা পরিষদ।
- ০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৭। মেয়র, নাচোল পৌরসভা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৯। উপজেলা কর্মকর্তা ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। চেয়ারম্যান, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর ইউপি ও সদস্য, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ১১। নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।



(মোহাইমেনা শারমিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা পরিষদ সভায় উপস্থিত সদস্যবৃন্দ

সভা নং : ৩৯

সভার তারিখ : ৩১.০৭.২০২২খ্রি:, সময় : সকাল ১০.৩০ মি:

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

পরিশিষ্ট 'ক'

ক্রঃ নং	সদস্যদের নাম ও পদবী
১.	জনাব মোহাইমেনা শারমীন, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২.	জনাব মোঃ আব্দুর রশিদ, মেয়র, নাচোল পৌরসভা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৩.	জনাব মোঃ মশিউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪.	জনাব মোসাঃ জান্নাতুন নাইম মুন্নি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫.	জনাব মোঃ জাকারিয়া আল মেহরাব, চেয়ারম্যান, কসবা ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৬.	জনাব মোঃ সাদির আহমেদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৭.	জনাব মোঃ শফিকুল আলম, চেয়ারম্যান, নাচোল ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৮.	জনাব মোঃ আমিনুল হক, চেয়ারম্যান, নেজামপুর ইউপি, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৯.	জনাব ডাঃ মোঃ আসাদুর রহমান বিপ্লব, পক্ষে- উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১০.	জনাব মোঃ বুলবুল আহমেদ, উপজেলা কৃষি অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১১.	জনাব অন্তরা ইয়াসমিন, উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১২.	জনাব মোঃ মিন্টু রহমান, অফিসার ইন চার্জ, নাচোল থানা, চাঁপাইনবাবগঞ্জ
১৩.	জনাব মোঃ শাহিনুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৪.	জনাব মুগাল কান্তি সরকার, উপজেলা শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৫.	জনাব মুহাম্মদ শাহ নাওয়ায, উপজেলা পঃ পঃ কর্মকর্তা (অঃদাঃ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৬.	জনাব শাহ মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাচোল জোন, চাঁপাইনবাবগঞ্জ
১৭.	জনাব মোঃ হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৮.	জনাব আ.ফ.ম হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১৯.	জনাব মোঃ জাকির হোসেন, পক্ষে- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২০.	জনাব মোঃ আলমগীর, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২১.	জনাব প্রভাতি মাহাতো, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২২.	জনাব মোঃ ইউসুফ আলী, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৩.	জনাব মোসাঃ সুফিয়া খাতুন, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৪.	জনাব নরোত্তম কুমার প্রামানিক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৫.	জনাব মোঃ আবুল কালাম আজাদ, উপজেলা বন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৬.	জনাব মোঃ জহিরুল ইসলাম, পক্ষে- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৭.	জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২৮.	জনাব মোঃ ফখর উদ্দিন, ডিজিএম, পল্লী বিদ্যুৎ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

উপজেলা পরিষদ সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ

পরিশিষ্ট 'খ'

ক্রঃ নং	সদস্যদের নাম ও পদবী
১.	সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
২.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৩.	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪.	উপজেলা সমবায় অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫.	উপজেলা প্রকল্প কর্মকর্তা (পঞ্জীপ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৬.	তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।